# বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া'র ক্যাম্পিং

সিডনীর শহুরে জীবন যেন বাঁধা থাকে টান টান রুটিনের শক্ত সূত্রে। একসময় এই একঘেয়েমী ব্যবস্থা জীবনকে বিষাদময় করে তোলে। প্রাত্যাহিক জীবনের এই একঘেয়েমী কাটাতে সিডনীর সুপ্রতিষ্ঠিত সংগঠন বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া, গত স্কুল ছুটিতে সংগঠনের সদস্য এবং তাদের ছেলেমেয়েরা নিয়ে তিন দিনের এক আনন্দমুখর ক্যাম্পিং আয়োজন করে। সিডনী থেকে প্রায় পাঁচশ' কিলোমিটার দূরে কোরাল ভিলের 'লেক ইকালা নুরা'র এক নিটোল প্রাকৃতিক পরিবেশে ছিলো ক্যাম্পিয়ের নির্ধারিত স্থান। সকলের স্বত:স্ফূর্ত অংশগ্রহনে নৈসর্গিক এ অঞ্চল হয়ে ওঠে প্রাণচঞ্চল। পাহাড়, লেক আর অসংখ্য সবুজ বৃক্ষরাজির সহ অবস্থানে লেক ইকালা নুরা' যেন অপূর্ব সৌন্দর্য্যের আধার। এর মুক্ত অঙ্গনে অবাধে ঘুরে বেড়ায় হাঁস মুরগি গরু আর ক্যাঙ্গারু। চেনা অচেনা পাখির বিরামহীন গুঞ্জনে শহরের ব্যস্ত জীবনের ক্লান্তি যেন নিমিষেই দূর হয়ে যায়। ২৮শে সেপ্টেমবার শুক্রবার বিকেলে সকলে নিজ নিজ গাড়ীযোগে ক্যাম্পিং স্পটে পৌছায়। শনিবার সকালে নিকটস্থ ক্লাউডি বে ন্যাশনাল পার্কের ধূলিমাখা পথে গাড়ি চালিয়ে সকলে ছ'হাজার বছরের পুরোনো 'ক্লাউডি বে' পৌছায়। যাকে 'গেন্সারিয়াস কোস্টাল' বলা হয়। পরে লাইট হাউজ পরিদর্শন করে সন্ধ্যায় ক্যাম্পে ফিরে আসে। রাতের আয়োজনে ছিলো বার বি কিউ। তবে গ্যাস কিংবা বৈদুৎতিক নয়- কাঠের চুলার ধোঁয়ায়িত রান্না। স্থানীয় অনেকেই সে বার বি কিউতে অংশগ্রহন করে। লেক ইকালা নুরা তদারককারীদের একজন একটি বড় অজগর সাপ(পাইথন) এনে শিশুসহ সকলকে প্রচুর আনন্দ দেন। রবিবার সকালে মিলে ম্যাকিউরি সৈকত, পোর্ট ম্যাকিউরি সৈকত ঘুরে ফিরে আসে ক্যাম্পে। লেকের শাপলা ফোঁটা জলে সন্ধ্যা অবধি বিরামহীনভাবে চলে ক্যানুইং। এ যেন বাংলার বিলের জলে নৌকা চালানোর অনুভূতি। স্থানীয়দের সহযোগীতায় রাতে কাঠ জ্বালিয়ে উপভোগ করা হয় 'ফায়ার ক্যাম্পিং'। সবাই কখোনো করতালি কখোনোবা নেচে নেচে সমবেতভাবে দেশীয় জনপ্রিয় গান গেয়ে তৈরী করে শুদ্ধ আনন্দ আর উচ্ছ্বাসের এক মনোরম পরিবেশ। এছাড়াও প্রতিদিন গভীর রাত পর্যন্ত চলে ঘরোয়া আড্ডা ও বিনোদন । সোমবার দুপুরে সকলে মিলে সিডনীর উদ্দেশ্যে যাত্রা করে। পথমধ্যে আবার সকলে একসাথে এক নির্দিষ্ট স্থানে দুপুরের আহার করে। বাংলাদেশ খ্রীষ্টান ফেলোীপের এ আয়োজন নিশ্চয় সদস্যদের মধ্যে পারস্পরিক সম্প্রীতি ও সৌহার্দ্য আরো বহুগুনে বৃদ্ধি করেছে। যা আগামীতে আরো সৃষ্টিশীল কর্মসূচী গ্রহনে সহায়তা করবে।




29/09/2012 22:41


29/09/2012 13:16















John G Lake